বিশুদ্ধ
আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ
পাইবার
বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান
**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**
প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়
বি-এ, কবিরত্ন।
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—০—

বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত
**পক্ষাঘাতের তৈল ঔষধ**
এক মাস ব্যবহারোপযোগী তৈল ঔষধের
মূল্য ১৬৲ ষোল টাকা
চ্যবনপ্রাশ ⁄১ সের ১০৲ মকরধ্বজ ১ তোলা ৬৲
দশভুজা ঔষধালয়
মেডিকেল ডিপ্লোমাপ্রাপ্ত ও গভর্ণমেণ্ট রেজিষ্ট্রীকৃত
কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(প্রেসিডেণ্ট ইউনিয়ন বোর্ড, ভূতপূর্ব্ব চেয়ারম্যান
ডি, এস, বোর্ড)
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২৭শে কার্ত্তিক বুধবার ১৩৫৩ ইংরাজী 13th Nov. 1946 { ২৬শ সংখ্যা

আপনার
**কম খরচার খাজাঞ্চী**
**ঢাকুরিয়া ব্যাঙ্কিং**
**করপোরেশন লিমিটেড**
হেড অফিস
২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা
ফোনঃ কলিকাতা ১৭৪৪ টেলিগ্রামঃ ষ্ট্রংরুম
শাখাসমূহ
ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, (এস, পি), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ (মুর্শিদাবাদ), সোনারপুর।
ম্যানেজিং ডিরেক্টার
ডি, এন, চ্যাটার্জ্জি এফ, আর, ই, এস (লণ্ডন)

**ব্যয় নহে—সঞ্চয়**
জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।
জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।
**নূতন বীমা—১৯৪৫**
**১২ কোটী টাকার উপর**
**হিন্দুস্থান কো-অপারেটিভ্**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংসঃ কলিকাতা

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।

সৰ্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৭শে কার্ত্তিক বুধবার সন ১৩৫৩ সাল

## মহামানবের মহাপ্রয়াণ

গত ২৬শে কার্ত্তিক মঙ্গলবার দুঃখিনী ভারতমাতার আর একটী মাতৃভক্ত সন্তান নিজ বাসভূমে শৃঙ্খলিতা, রোগশোক জর্জ্জরিতা, স্বাধিকার বঞ্চিতা, প্রচুর সম্পদে সম্পন্না হইয়াও অন্নবস্ত্রের কাঙালিনী মায়ের অবিশ্রান্ত অশ্রুধারার প্রবাহ প্রবল হইতে প্রবলতর করিয়া পুণ্যতীর্থ বারাণসী ধামে মানবদেহ পরিত্যাগ করিয়া অমরধামে গমন করিয়াছেন। এই মহাপুরুষ কে জানেন? ঋষিকল্প পণ্ডিত মদনমোহন মালব্য। জীবনের শেষ দিন পর্য্যন্ত তিনি দেশের মঙ্গল চিন্তা করিয়া গিয়াছেন। বাঙলার পৈশাচিক নরহত্যা, নারী নির্য্যাতন প্রভৃতি দুঃসংবাদের আঘাত তিনি সহ্য করিতে পারিলেন না। অজ্ঞান অবস্থাতেও তিনি পণ্ডিত জহরলাল ও মহাত্মা গান্ধীর নাম করিয়া যেন এই হৃদয়-বিদারক ব্যাপারের আলোচনা করিতেছিলেন। তাঁহার দেশ হিতৈষিণার কথা একমুখে বলিয়া শেষ করা যায় না। ভারতের জাতীয় কংগ্রেস তিনবার এই মহাপুরুষকে সভাপতির পদে বরণ করিয়া তাঁহার মাতৃসেবার যোগ্য সম্মান প্রদর্শন করিয়াছিল। ব্যাসদেবের মহাভারত, বাল্মীকির রামায়ণ যেমন তাঁহাদের চিরস্মরণীয় করিয়া রাখিয়াছে। কাশীর হিন্দু বিশ্ববিদ্যালয় তাঁহাকে চির অমর করিয়া রাখিবে। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া তাঁহার স্বর্গীয় আত্মার উদ্দেশ্যে সভক্তি প্রণাম নিবেদন করিতেছি।

---

রঘুনাথগঞ্জে

## উচ্চ ইংরাজী বিদ্যালয়

জঙ্গিপুর মহকুমার অফিস, আদালত, ডাক্তারখানা ইত্যাদি সমস্তই ভাগীরথীর পশ্চিম পারস্থিত রঘুনাথগঞ্জেই অবস্থিত। উচ্চ ইংরাজী বিদ্যালয়টী ভাগীরথীর পূর্ব্ব পারস্থ জঙ্গিপুর সহরে।

রঘুনাথগঞ্জে একটী এম, ই, স্কুল আছে। মহকুমার অধিকাংশ সরকারী কর্ম্মচারী, উকিল, মোক্তার রঘুনাথগঞ্জেই বাস করেন। এম, ই, স্কুলের পাঠ শেষ করিয়া তাঁহাদের এবং অন্যান্য অধিবাসীর বালকগণকে ভাগীরথীর অপর পারে গিয়া অধ্যয়ন করিতে হয়। বর্ষাকালে ঝড় বৃষ্টির দিনে নৌকায় পার হওয়া বিশেষতঃ চঞ্চলমতি অপ্রাপ্ত বয়স্ক বালকগণের পক্ষে খুব আশঙ্কাজনক। ছেলেদের স্কুলে পাঠাইয়া স্নেহদুর্ব্বল পিতামাতা বা অভিভাবকগণের খুব দুর্ভাবনার সঙ্গে সময় কাটাইতে হয়। এই অভাব দূরীকরণ জন্য বর্ত্তমান মুন্সেফ বাবু অমলকুমার রায় প্রমুখ ভদ্রমহোদয়গণ রঘুনাথগঞ্জের পারে একটী উচ্চ ইংরাজী বিদ্যালয় স্থাপনের জন্য উদ্যোগী হইয়াছেন। আগামী জানুয়ারী মাসের প্রথম হইতেই ৭ম মান ও ৮ম মান শ্রেণীর অধ্যাপনা আরম্ভ করিবার সংকল্প গ্রহণ করা হইয়াছে। শিক্ষা বিভাগটী,—মা সরস্বতীর শাসন বিভাগের অন্তর্ভুক্ত হইলেও ফাইনান্স বিভাগের অধিষ্ঠাত্রী মা লক্ষ্মীর করুণা ভিন্ন চলিতে পারে না। সুতরাং মা লক্ষ্মীর আশীর্ভাজন মহোদয়গণ কৃপা না করিলে এই সদনুষ্ঠান সুসম্পন্ন হওয়া অসম্ভব। "দশের লাঠি একের বোঝা"। যাঁর যেমন সাধ্য এই সৎকর্ম্মে দান করিলে তাঁহাদের অর্থ জলে পড়িবে না, বরং বহু শিক্ষার্থীর শিক্ষাদানের এবং বহু কচি কচি শিশুর স্নেহদুর্ব্বল পিতামাতাকে ভরা ভাদরের ভয়াবহ দুর্ঘটনার দুশ্চিন্তা হইতে ত্রাণ করিবার পুণ্য সঞ্চয় করিবেন।

---

### শারদীয়া পূজার পাওনা অবকাশ

আমরা আগামী সপ্তাহে গত ৺দুর্গাপূজার প্রাপ্য অবকাশ গ্রহণ করিব। পূজার সময় দুই সপ্তাহের স্থলে মাত্র এক সপ্তাহ অবকাশ গ্রহণ করিয়াছিলাম।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৯ই ডিসেম্বর ১৯৪৬

১৯৪৬ সালের ডিক্রীজারী

৭৮০ থাং ডিঃ জয়চাঁদ সেরাওগী দিং দেং লক্ষ্মীনারায়ণ হালদার দাবি ৯৷৴৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে থামরা ২-২ শতকের কাত ৮৷৴০ আঃ ১০৲ খং ১২

৭৮২ থাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং কুমার চন্দ্রসিংহ দুধোরিয়া নাবালক পক্ষে সার্টিফিকেট প্রাপ্ত গার্জ্জেন বাবু রণজিৎ সিংহ দুধোরিয়া দাবি ৭৭৫/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে এনাতনগর ২-৬০ শতকের কাত ১৩৷৶১২ আঃ ৫০৲ খং ১১০ রায়ত স্থিতিবান

৭৮৩ থাং ডিঃ ঐ দেং সনৎকুমার আচার্য্য দিং দাবি ৯৫৫৶৩ থানা ঐ মৌজে সেগুা জামুয়ার ৫-৬১ শতকের কাত ১৬৲ আঃ ৮০৲ খং ৪৯৩ ঐ স্বত্ব

৭৮৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮৷৶০ মৌজাদি ঐ ১-১০ শতকের কাত ৪৲ আঃ ২০৲ খং ৭৩২ ঐ স্বত্ব

৭৮৫ থাং ডিঃ ঐ দেং হরিনারায়ণ মণ্ডল নাবালক পক্ষে অলি মাতা গজেন্দ্রগামিনী দাসী দাবি ১৪৫৶৩ মৌজাদি ঐ ৪৩ শতকের কাত ১৷০ আঃ ১০৲ খং ৬৭২ ঐ স্বত্ব

৭৮৬ থাং ডিঃ ঐ দেং তারেশচন্দ্র দে দিং দাবি ১৬৫৩ মৌজাদি ঐ ৫৬ শতকের কাত ১৷৫ আঃ ১০৲ খং ৫২৭ ঐ স্বত্ব

---

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৬ই ডিসেম্বর ১৯৪৬

১৯৪৬ সালের ডিক্রীজারী

৩১৭ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দিং দেং সেরাজুদ্দিন সেখ দিং দাবি ২৯৷৶৩ থানা ফরক্কা মৌজে শিবনগর ৪-১০ শতকের কাত ২৫৩ আঃ ১০৲ খং ২৫

৪৭৭ থাং ডিঃ তারাপদ রায় দেং সুধীর কুমার রায় দিং দাবি ৩১.৩ থানা সাগরদীঘি

মৌজে ভুমিহর ২-৬৮ শতকের কাত ৮৸৶৬ আঃ ১৫৲ খং ১০০৮

৫৪০ খাং ডিঃ বীরেন্দ্রনাথ মাহাতা দিং দেং নেহালজান বিবি মৃতান্তে আবদুল হোসেন সেথ নাঃ দিং দাবি ৭২৶০ থানা সাগরদীঘি মৌজে পাউলী ২-২০ শতকের কাত ১০৸৶০ আঃ ২০৲ খং ১০৫ মোড়গ্রাম ঋণ সালিশী বোর্ডের ১৯৪০ সালের ৮৩নং মোকর্দ্দমার দাবির দায় সংযোগে নীলাম হইবে।

৫৩৯ খাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং ইয়াদুল্লা সেথ দিং দাবি ১০১।৶৬ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ১-৮১ শতকের কাত ১১।৶৫ আঃ ২০৲ খং ৩৮২

৫২৯ খাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং সত্যবতী দেবী দিং দাবি ১০০/৯ থানা সাগরদীঘি মৌজে বন্যেশ্বর ৬-৩৫ শতকের কাত ১৬৸৶১৫ আঃ ৮০৲ খং ২৩৭ রায়ত মোকররী

৫৩০ খাং ডিঃ ঐ দেং নাদেরবক্স সেথ দাবি ২৫।/৩ থানা ঐ মৌজে জিনদীঘি ৭-৬১ শতকের কাত ৭।৹ আঃ ১৫৲ খং ১৯ রায়ত স্থিতিবান

৫৩১ খাং ডিঃ ঐ দেং মন্তলব হোসেন মিয়া দাবি ৫৫৸৯ থানা ঐ মৌজে গোকুলতা ৯৮ শতকের কাত ৮৸৶০ আঃ ৪০৲ খং ১১০ ১১৯ ঐ স্বত্ব

৫৩৩ খাং ডিঃ ঐ দেং ইমরাণহোসেন মণ্ডল দাবি ১৪৸০ মৌজাদি ঐ ৪০ শতকের কাত ১।৶০ আঃ ১০৲ খং ১৪৭ ঐ স্বত্ব

৫৩৪ খাং ডিঃ ঐ দেং নজরালী সেথ দিং দাবি ৩৬।৩ মৌজাদি ঐ ৭৫ শতকের কাত ৭।/০ আঃ ২৫৲ খং ৯৩, ৩৫৫ ঐ স্বত্ব

৫৩৫ খাং ডিঃ ঐ দেং কনেজ ফত্তেমা বিবি দাবি ৫২।৩ মৌজাদি ঐ ২-৪৮ শতকের কাত ১১।৶৯। আঃ ৪০৲ খং ৮৪ ঐ স্বত্ব

৫৩৬ খাং ডিঃ ঐ দেং আনেশ কাজি দিং দাবি ৪০।৶৩ মৌজাদি ঐ ১-৩৪ শতকের কাত ৫৸৶০ আঃ ৩০৲ খং ১৩ ঐ স্বত্ব

৫৩৭ খাং ডিঃ ঐ দেং নেকতুন বিবি দাবি ৩৮৶৬ মৌজাদি ঐ ১-২৪ শতকের কাত ৫৸১২। আঃ ২৫৲ খং ১৪৪ ঐ স্বত্ব

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

৩০১নং ১৯৪৬ খাং

গোপীবালা সরকার দিং সাং শ্রীরামপুর থানা সুতী—বাদী

বনাম

আতির সেথ সাং টিকলীচর থানা রঘুনাথগঞ্জ—বিবাদী

জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালতে উক্ত বিবাদীর বিরুদ্ধে মোমিনটোলা মৌজার ৯৩৮নং খতিয়ান লিখিত '২৭ ডে জমির কাত বার্ষিক ৭।৶৩। টাকার ১২।/০ টাকা দাবীতে নালিশ দায়ের হইয়াছে। আপনার কোন আপত্তি থাকিলে আপনি স্বয়ং বা জনৈক উকিল দ্বারা আগামী ১৯৪৬।৩০ নবেম্বর তারিখে দর্শাইবেন নচেৎ এক তরফা শুনানী হইবে।

অদ্য সন ১৯৪৬ সালের ১৩ নবেম্বর তারিখে আমার স্বাক্ষর ও আদালতের মোহরযুক্ত মতে দেওয়া গেল।

By Order of the Court.
R. N. Dutta
Sheristadar.
13. 11. 46

## বিজ্ঞাপন

—:০:—

এতদ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করান যাইতেছে যে, জঙ্গীপুর সেণ্ট্রাল কো-অপারেটীভ ব্যাঙ্ক লিমিটেডের ১৯৪৫-৪৬ সালের হিসাব পরীক্ষা (Statutory Audit) নিম্ন স্বাক্ষরকারী অডিট অফিসার কর্ত্তৃক গৃহীত হইয়াছে। উক্ত ব্যাঙ্কের আমানতকারী ও কর্জ্জগ্রহীতাগণকে ৩০।৬।৪৬ তারিখে তাঁহাদের নিজ নিজ দেনাপাওনার হিসাব সম্বলিত কার্ড (Verification Slip) পাঠান হইতেছে। যাঁহারা নিজের হিসাবে কোন প্রকার গরমিল আছে বলিয়া সন্দেহ করিবেন অথবা Verification Slip পাইবেন না তাঁহারা ১৯।১০।৪৬ হইতে ২২।১২।৪৬ তারিখের মধ্যে ব্যাঙ্কের আফিসে নিজ নিজ পাশ বহি সহ উপস্থিত হইয়া হিসাব মোকাবিলা করিয়া লইবেন, অন্যথায় তাঁহাদের হিসাব ঠিক আছে বলিয়া ধরিয়া লওয়া হইবে। ইতি—১৩।১১।৪৬

Gouri Sankar Ray
Audit Officer
13. 11. 46

## নোটিশ

এতদ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে আমি শ্রীবৈদ্যনাথ বড়াল ও আমার জ্যেষ্ঠ সহোদর শ্রীভোলানাথ বড়াল এবং বৈমাত্রেয় ভ্রাতাদ্বয় শ্রীমান্ বিশ্বনাথ বড়াল ও শ্রীমান্ বৈকুণ্ঠনাথ বড়াল সকলের পিতা ৺নীলরতন বড়াল, চারিজনে সর্ব্ব সাকিম ও থানা রঘুনাথগঞ্জ, সবরেজেষ্ট্রী ও মহকুমা জঙ্গিপুর জেলা মুর্শিদাবাদ আমার বৈমাত্রেয় ভ্রাতা রঘুনাথগঞ্জ নিবাসী শ্রীরঘুনাথ বড়ালের অনুকূলে ইং ২।১।৪৬ তাঃ জঙ্গিপুর রেজেষ্ট্রী আফিসে একখানি আমমোক্তারনামা এজমালি সম্পত্তির ম্যানেজমেণ্ট জন্য সম্পাদন করিয়া দিয়াছিলাম তিনি আমমোক্তার স্বরূপে যে সমুদয় কার্য্য গত কয়েক মাস করিয়াছেন তাহা আদৌ সন্তোষজনক নহে বা তিনি তাঁহার কৃতকার্য্যের কোন হিসাব নিকাশ দিতেছেন না। উক্ত কারণে আমি উক্ত আমমোক্তারনামা মূলে যে অধিকার তাঁহাকে দিয়াছিলাম তাহা রহিত করিয়া ডাকযোগে এক রেজেষ্ট্রী নোটিশ উক্ত রঘুনাথ বড়ালকে গত ৩।১১।৪৬ দিয়াছি। ভবিষ্যতে পাছে আমাকর্ত্তৃক উপরোক্ত আমমোক্তারনামা রহিতকরণের বিষয় জ্ঞাত না থাকা উল্লেখে উক্ত আমমোক্তারের সহিত আমার এজেণ্ট স্বরূপে কেহ কোনও কার্য্য করেন তন্নিবারণার্থে এই নোটিশ দিয়া সর্ব্বসাধারণকে জানাইয়া দিতেছি যে উক্ত রঘুনাথ বড়ালের আমার আমমোক্তার স্বরূপে কার্য্য করিবার অধিকার উক্ত ৩।১১।৪৬ তারিখের ডাকযোগের নোটিশ ও এই 'জঙ্গিপুর সংবাদে' প্রকাশিত নোটিশ দ্বারা রহিত করা হইল। তাহার সহিত যদি কেহ আমার আমমোক্তার স্বরূপে কোনও কার্য্য করেন তাহা তিনি নিজ দায়িত্বে করিবেন এবং উক্ত কার্য্য আমার বিরুদ্ধে বাধ্যকর বা বলবৎ যোগ্য হইবে না।

ইতি সন ১৩৫৩ সাল তাং ২৪শে কার্ত্তিক রবিবার।
ইং ১০।১১।১৯৪৬

শ্রীবৈদ্যনাথ বড়াল
সাং ও থানা রঘুনাথগঞ্জ

## বিশেষ দ্রষ্টব্য

আমি শ্রীভোলানাথ বড়াল ইতিপূর্ব্বেই ৬।১১।১৯৪৬ তারিখের "জঙ্গিপুর সংবাদে" উক্ত আমমোক্তারী আমার পক্ষের আমি ১৬।৪।১৯৪৬ হইতে রহিত করিয়াছি জানাইয়া সর্ব্বসাধারণকে অন্যান্য জ্ঞাতব্য নোটিশ দিয়াছি।

নিবেদক—শ্রীভোলানাথ বড়াল
১০।১১।৪৬

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ⁄০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।


জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।




স্থরবল্লী




যে সব ডাক্তাররা
স্থরবল্লী ব্যবস্থা করে
দেখে'ছন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি.কে.সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত